



বাংলাদেশ
বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন

ইউজিসি ভবন, প্লট নং- ই-১৮/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

Web: www.ugc.gov.bd



ইউজিসি মেধাবৃত্তি সংক্রান্ত নিয়মাবলী

এই নীতিমালায় বর্ণিত সকল বৃত্তি ইউজিসি মেধাবৃত্তি হিসাবে গণ্য হবে এবং তা ইউজিসি'র তহবিল হতে প্রদান করা হবে। দুইটি পৃথক ক্যাটাগরিতে এই বৃত্তি প্রদান করা হবে, (ক) সাধারণ মেধাবী শিক্ষার্থী ক্যাটাগরি এবং (খ) মেধাবী প্রতিবন্ধী শিক্ষার্থী ক্যাটাগরি

(ক) সাধারণ মেধাবী শিক্ষার্থী ক্যাটাগরির ক্ষেত্রে শর্তাবলি:

- ১। দেশের সকল পাবলিক বিশ্ববিদ্যালয়ের প্রত্যেক অনুষদ থেকে ১ (এক) জন শিক্ষার্থীকে এক বছরের জন্য বৃত্তি প্রদান করা হবে।
- ২। জেনারেল ডিসিপ্লিনের ক্ষেত্রে স্নাতকোত্তর পর্যায়ের শিক্ষার্থী যারা মাস্টার্সে অধ্যয়নরত রয়েছেন, তাদেরকে এই বৃত্তি প্রদান করা হবে। তবে প্রকৌশল, কৃষি এবং চিকিৎসা ডিসিপ্লিনের ক্ষেত্রে কেবল মাত্র স্নাতক/স্নাতক (সম্মান) পর্যায়ের ৬ষ্ঠ সেমিস্টার সম্পন্নকারী শিক্ষার্থীদের বৃত্তি প্রদান করা যাবে।
- ৩। বৃত্তি প্রদানের ক্ষেত্রে প্রত্যেক অনুষদের সর্বোচ্চ মার্কসধারী ১ম, ২য় ও ৩য় স্থান অর্জনকারীদের বিবেচনা করা যাবে। এক্ষেত্রে ১ম স্থান অর্জনকারী যদি এই নীতিমালায় বর্ণিত শর্তের আলোকে যোগ্য বলে বিবেচিত না হন, তবে ২য় স্থান অর্জনকারী বিবেচিত হবেন এবং অনুরূপভাবে ২য় স্থান অর্জনকারী বিবেচিত না হলে ৩য় স্থান অর্জনকারী বিবেচিত হবেন।
- ৪। সিজিপিএ বা ফলাফল সমান হলে এইচ.এস.সি ও এসএসসি পরীক্ষার ফলাফল বিবেচনাপূর্বক সার্বিক বিচারে প্রার্থী নির্বাচন করে বৃত্তি প্রদান করা যাবে।
- ৫। বৃত্তি হিসাবে প্রতি মাসে ২,০০০/- (দুই হাজার) টাকা হারে ০১ (এক) বছরে ২,০০০X ১২ মাস= ২৪,০০০/- (চব্বিশ হাজার) টাকা প্রদান করা হবে এবং বই পুস্তক কেনার জন্য এককালীন ২,০০০/- (দুই হাজার) টাকা প্রদান করা হবে।

(খ) মেধাবী প্রতিবন্ধী শিক্ষার্থী ক্যাটাগরির ক্ষেত্রে শর্তাবলি:

- ১। প্রত্যেক পাবলিক বিশ্ববিদ্যালয় থেকে প্রতি বছর সর্বোচ্চ ০১ (এক) জন শিক্ষার্থী ০৪ (চার) বছর করে মেধাবী প্রতিবন্ধী শিক্ষার্থীকে প্রতি বছর হিসাবে মোট ০৪ (চার) বছরের জন্য বৃত্তি প্রদান করা হবে। প্রতিবন্ধী হিসেবে বিবেচনার ক্ষেত্রে দৃষ্টিহীন প্রতিবন্ধীকে বিশেষ প্রতিবন্ধী হিসেবে বিবেচনা করা হবে।
- ২। স্নাতক পর্যায়ের ৩য়, ৫ম ও ৭ম সেমিস্টারে অধ্যয়নরত এবং স্নাতক ডিগ্রি সম্পন্নকারীগণকে এই বৃত্তি প্রদান করা হবে। এক্ষেত্রে অব্যবহিত পূর্বের সেমিস্টারের পরীক্ষার ফলাফল বিবেচনা করা হবে।
- (গ) যে সকল শিক্ষার্থী সকল পর্যায়ের পরীক্ষাতেই প্রথম বিভাগ/১ম শ্রেণীতে অথবা সমমানের ফলাফল করে উত্তীর্ণ হয়েছে কেবলমাত্র তারাই এই বৃত্তি পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবে।
- (ঘ) গর্হিত আচরণের জন্য বিশ্ববিদ্যালয় কোন শিক্ষার্থীর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নিয়ে থাকলে সেই শিক্ষার্থী এই বৃত্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবে ;
- (ঙ) অনিয়মিত শিক্ষার্থী আছে এমন শিক্ষার্থী মনোনয়ন বিবেচনা যোগ্য নয়। তবে তা' অনধিক এক বৎসর হলে বিশ্ববিদ্যালয় রেজিস্ট্রার স্বাক্ষরিত যুক্তিসংগত কারণসহ মনোনয়ন পাওয়া গেলে কমিশন কর্তৃপক্ষ বিবেচনা করে দেখতে পারেন ;
- (চ) ইউজিসি মেধাবৃত্তিধারী শিক্ষার্থীগণ বিনা বেতনে অধ্যয়নের সুযোগ পাবেন।

Mamun